



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত পরিচালক
বিভাগীয় কার্যালয়, ঢাকা

এবং

উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০২২ – ৩০ জুন ২০২৩

সূচিপত্র

ক্রমিক	বিবরণ	পৃষ্ঠা
০১	অধিদপ্তরের কর্ম সম্পাদনের সার্বিক চিত্র	৩
০২	প্রস্তাবনা	৪
০৩	সেকশন ১ : অধিদপ্তরের রূপকল্প , অভিলক্ষ্য , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
০৪	সেকশন ২ : অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	৬
০৫	সেকশন ৩ : কর্মসম্পাদন পরিকল্পনা	৭-৮
০৬	সংযোজনী ১ : শব্দসংক্ষেপ	১০
০৭	সংযোজনী ২ : কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১১
০৮	সংযোজনী ৩ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১২
০৯	সংযোজনী ৪: জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৩-১৪
১০	সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৫
১১	সংযোজনী ৬: অভিযোগপ্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৬
১২	সংযোজনী ৭: সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৭
১৩	সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৮

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র:

(Overview of the performance of the Department of Narcotics Control,
Divisional Office, Dhaka)

সাম্প্রতিক বছর সমূহের (০৩বছর) প্রধান অর্জন সমূহঃ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ কে যুগোপযোগী করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ প্রণয়ন করা হয়, পরবর্তীতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধিত) আইন, ২০২০ প্রণয়ন করা হয়েছে, যা ২৭ নভেম্বর ২০২০ তারিখ থেকে কার্যকর হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (অ্যালকোহল) বিধিমালা, ২০২১ এবং বেসরকারি মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০২১ প্রণয়ন করা হয়েছে যা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। সিপাই হতে অতিরিক্ত পরিচালক পর্যন্ত সবার জন্য ইউনিফর্মের বিধান রেখে “মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মচারীদের পোশাক ও সামগ্রীর প্রাধিকার) বিধিমালা-২০২১ প্রণয়ন করা হয়েছে। বিগত ০৩ (তিন) বছরে 58,189 টি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে 17,853 টি মামলা দায়ের পূর্বক 18,594 জন মাদক অপরাধীকে গ্রেফতার করা হয়েছে। উক্ত মামলায় 9,46,416 পিস ইয়াবা, 5674 বোতল ফেনিডিল 5.127 কেজি হেরোইন ও 2208.811 কেজি গাঁজাসহ বিভিন্ন ধরনের মাদকদ্রব্য জব্দ করা হয়েছে। মোবাইল কোর্টের মাধ্যমে 23176 টি অভিযান পরিচালনা করে 11588 টি মামলায় মোট 11588 জন আসামীকে বিভিন্ন মেয়াদে তাৎক্ষণিক ভাবে সাজা প্রদান করা হয়েছে। মাদকবিরোধী প্রচার কার্যক্রমের অংশ হিসেবে 95682 টি লিফলেট, 60 টি শর্টফিল্ম প্রদর্শন, মানবদেহের মাদকের ক্ষতিকর প্রভাব সম্বলিত 7816 টি ফেস্টুন বিতরণ এবং 25 টি সভা-সেমিনার আয়োজন করা হয়েছে। মাদকাসক্তদের সুস্থ ও স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাধ্যমে মোট 9844 জন মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিজিবি, পুলিশ, র‍্যাভ, কাস্টমস ও অন্যান্য সংস্থা কর্তৃক দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলায় 17571 টি নমুনা অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষা পূর্বক রিপোর্ট প্রদান করা হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জ সমূহঃ

মাদকাসক্তদের তালিকা প্রণয়ন পূর্বক তাঁদের যথাযথ চিকিৎসা প্রদান, দক্ষজনবল ও আধুনিক লজিস্টিক সাপোর্টের মাধ্যমে কার্যকর মাদকবিরোধী অভিযান পরিচালনা এবং মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা এ অধিদপ্তরের জন্য অন্যতম প্রধান চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হয়ে আসছে। বিভিন্ন শ্রেণি-পেশাজীবী মানুষের সম্মিলিত প্রচেষ্টায় মাদক নির্মূলে সমন্বিত কর্মপরিকল্পনা বাস্তবায়নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক যথাযথ সমন্বয়কের ভূমিকা পালন।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

জেলা প্রশাসন, স্থানীয় জনপ্রতিনিধি, বেসরকারি সংস্থা, আইন শৃঙ্খলা বাহিনী, ডিএনসিসহ সমাজের জনগণের সম্মিলিত প্রচেষ্টায় মাদকের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদক নির্মূলে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন। ডাগ মিউজিয়াম স্থাপন করা হবে। মাদকাসক্তদের তালিকা প্রস্তুত ও তাদের চিকিৎসা ও পুনর্বাসনের লক্ষ্যে কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রকে ২৫০ (দুইশত পঞ্চাশ) শয্যায় উন্নীত করণ। ০৭ টি বিভাগীয় শহরে ২০০ (দুই শত) শয্যা বিশিষ্ট নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জনবলের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য নিজস্ব প্রশিক্ষণ একাডেমি নির্মাণ এবং Modernization of DNC প্রকল্প বাস্তবায়ন। মাদকাসক্ত সনাক্তকরণে ডোপটেস্ট প্রকল্প বাস্তবায়ন ও নীতিমালা প্রণয়ন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত, ২০২০) এর সাথে সামঞ্জস্য করে বিদ্যমান বিধিমালা সমূহ সংশোধন ও চূড়ান্ত করণ।

২০২২-২০২৩ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহঃ

- সকল শ্রেণি-পেশার জনগণের সম্মিলিত প্রচেষ্টায় মাদক নির্মূলে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
- গণসচেতনতা সৃষ্টির মাধ্যমে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকরণে জেলা, উপজেলা পর্যায়ে 123টি মাদক বিরোধী সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করা হবে;
- মাদকবিরোধী স্লোগান সম্বলিত জীবানুনাশক হ্যান্ড স্যানিটাইজার, কলম, খাতা, মাস্ক, টি-শার্ট, টিস্যুবক্স, ব্যাগ, মগ, ছাতা এবং মাদকের ক্ষতিকর দিক সম্বলিত লিফলেট, ক্যালেন্ডার, পোস্টার, স্টিকার, ফোল্ডার ইত্যাদি মুদ্রণ ও বিতরণ করা হবে;
- মাদকাসক্তদের তালিকা প্রস্তুত ও তাদের চিকিৎসা ও পুনর্বাসন করণ;
- বুলেটিন, স্যুভেনির ও বার্ষিক ডাগ রিপোর্ট নিয়মিত প্রকাশ করা হবে ;
- সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময়কেন্দ্রে (1,536 +7,914) 9450 জন মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা প্রদান করা হবে;

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহত করণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর

এবং

অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা।

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন:

সেকশন- ১

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি।

1.1 রূপকল্প (Vision)

মাদকাসক্তি মুক্ত বাংলাদেশ গড়া।

1.2 অভিলক্ষ্য (Mission)

দেশে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচাররোধে এনফোর্সমেন্ট ও আইনি কার্যক্রম জোরদার এবং মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন নিশ্চিত করণের মাধ্যমে পর্যায়ক্রমে দেশে মাদকের অপব্যবহার কমিয়ে আনা।

১.৩. কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. গণসচেতনতার মাধ্যমে মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধ করণ;
২. মাদক সরবরাহ হ্রাস করণ;
৩. মাদকের ক্ষতি হ্রাস ও মাদকাসক্তি চিকিৎসা এবং
৪. মাদকাসক্তি হ্রাস ও মাদকবিরোধী কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি করণ;
৫. মাদকবিরোধী কার্যক্রমের তথ্য সমৃদ্ধ করণ।

১.৩.২ সুশাসন ও সংস্কার মূলক কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রম জোরদার করণ

১.৪ প্রধান কার্যাবলি (Main Functions)

১. বুলেটিন, স্যুভেনির ও বার্ষিক ড্রাগ রিপোর্ট নিয়মিত প্রকাশ;
২. মাদকবিরোধী প্রচারণা, লিফলেট ও পোস্টার/স্টিকার বিতরণ;
৩. মাদকবিরোধী শর্টফিল্ম তৈরি ও প্রদর্শন;
৪. ইলেকট্রনিক্স ও প্রিন্টমিডিয়ায় মাদকবিরোধী আলোচনা ও প্রচার সম্প্রসারণ;
৫. শিক্ষা কারিকুলামে মাদক সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করণ;
৬. মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন;
৭. কারাগার সমূহে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন;
৮. মাদক পাচার প্রতিরোধে অভিযান পরিচালনা ও নিয়মিত মামলা বুজু করণ;
৯. ত্রৈমাসিক ভিত্তিতে মাদক ব্যবসায়ীদের তালিকা হালনাগাদ করণ;
১০. বিভাগীয় পর্যায়ে নিরাময় কেন্দ্র স্থাপন;
১১. ইউনিভার্সেল ট্রিটমেন্ট কারিকুলাম অনুযায়ী চিকিৎসক, বিশেষজ্ঞ, কাউন্সিলর ও মনোবিজ্ঞানীদের প্রশিক্ষণ প্রদান;
১২. সকল জেলায় বেসরকারি নিরাময় কেন্দ্র স্থাপন;
১৩. দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদান;
১৪. ভৌত অবকাঠামো নির্মাণ/উন্নয়ন;
১৫. কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার আধুনিকীকরণ এবং
১৬. প্রিকারসর কেমিক্যালসহ অন্যান্য লাইসেন্সিদের সেবা প্রদান।

সেকশন-২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)


চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা ২০২২- ২৩	প্রক্ষেপন		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
			২০২০- ২১	২০২১- ২২		২০২৩- ২৪	২০২৪ -২৫		
			০১	০২	০৩	০৪	০৫		
মাদকাসক্তদের চিকিৎসা সেবা বৃদ্ধি	মাদকাসক্ত ব্যক্তিকে প্রদানকৃত চিকিৎসা ও কাউন্সিলিং সেবা	সংখ্যা	6468	6584	4369	4500	5000	আইন ও বিচার বিভাগ, স্বাস্থ্যসেবা বিভাগ, মাধ্যমিকওউচ্চশিক্ষা বিভাগ, কারিগরিওমাদরাসা শিক্ষা বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, এনজিও বিষয়ক ব্যুরো।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও বার্ষিক ড্রাগ রিপোর্ট, অধিদপ্তরের ওয়েবসাইট (www.dnc.gov.bd)
মাদকের অপব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধিকরণ	শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতেপ্রশিক্ষক/মেন্টর তৈরি	সংখ্যা	0	514	295	320	350	মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরিওমাদরাসা শিক্ষাবিভাগ, সমাজ কল্যাণমন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন ও এনজিও বিষয়ক ব্যুরো।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও বার্ষিক ড্রাগ রিপোর্ট, অধিদপ্তরের ওয়েবসাইট (www.dnc.gov.bd)
মাদকের সরবরাহ হ্রাস	সীমান্তবর্তী ৩২টি জেলাসহ অন্যান্য স্থানে অস্থায়ী চেকপোস্ট স্থাপন	সংখ্যা	99	232	74	80	90	বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশসহ বিভিন্ন আইন শৃংখলা বাহিনী।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকাশিত বুলেটিন, স্যুভেনির ও বার্ষিক ড্রাগ রিপোর্ট, অধিদপ্তরের ওয়েবসাইট (www.dnc.gov.bd)

কর্মসম্পাদন ক্ষেত্র	কর্ম সম্পাদ নেরমান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনাপ দ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকেরমান	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩- ২০২৪	প্রক্ষেপণ ২০২৪- ২০২৫
							২০২১-২২	২০২২-২৩	অসাধার ণ	অতিউত্তম	উত্তম	চলতিমা ন	চলতিমা নেরনিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
			১.৪.৩ মাদকের ক্ষতিকর দিক সম্বলিত লিফলেট, ক্যালেন্ডার, পোস্টার, স্টিকার, ফোল্ডার ইত্যাদি বিতরণ	সমষ্টি	সংখ্যা	০২		600	600						
২. মাদক সরবরাহ হ্রাসকরণ	২৬	(২.১) মাদকবিরোধী অভিযান পরিচালনা	২.১.১ পরিচালিত মাদকবিরোধী অভিযান ও টহল	সমষ্টি	সংখ্যা	৮		1100	1100						
			২.১.২ অবৈধ মাদক ব্যবসায়ীদের তালিকা হালনাগাদপূর্বক আহবানকৃত ত্রৈমাসিক পর্যালোচনা সভা	সমষ্টি	সংখ্যা	৬		0	0						
			২.১.৩ সীমান্তবর্তী ৩২টি জেলাসহ অন্যান্য স্থানে অস্থায়ী চেকপোস্ট স্থাপিত	সমষ্টি	সংখ্যা	৪		2	2						
			২.১.৪ কুরিয়ার সার্ভিসসমূহের মাধ্যমে মাদকপাচার বন্ধে তাদের কার্যক্রম মনিটরিং ও পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	৪		1	1						
		(২.২) মামলার তদন্ত প্রতিবেদন দাখিল	সমষ্টি	শতকরা	৪		60%	60%							
৩. মাদকের ক্ষতি হ্রাস ও মাদকাস্ত চিকিৎসা	১৫	(৩.১) মাদকাস্ত ব্যক্তিকে চিকিৎসা ও কাউন্সিলিং সেবা প্রদান	৩.১.১ সরকারি নিরাময় কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত মাদকাস্ত ব্যক্তি	সমষ্টি	সংখ্যা	৩		0	0						
			৩.১.২ সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাস্তি নিরাময় কেন্দ্রে মাদকাস্ত ব্যক্তিকে প্রদানকৃত কাউন্সিলিং সেবা	সমষ্টি	সংখ্যা	4		364	364						
			৩.১.৩ বেসরকারি নিরাময় কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত মাদকাস্ত ব্যক্তি	সমষ্টি	সংখ্যা	4		700	700						
			৩.১.৪ সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাস্তি নিরাময় কেন্দ্রে নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য সিসিটিভি ক্যামেরা স্থাপন।	সমষ্টি	সংখ্যা	৪		-	14	14					

আমি উপপরিচালক, জেলা কার্যালয়, গাজীপুর এর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা এর নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা, মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে উপপরিচালক, জেলা কার্যালয়, গাজীপুর –এর নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :



উপপরিচালক
জেলা কার্যালয়, গাজীপুর

১২/০৬/২০২২
তারিখ



অতিরিক্ত পরিচালক
বিভাগীয় কার্যালয়, ঢাকা

১২/০৬/২০২২
তারিখ

শব্দ সংক্ষেপ
(Acronyms)

ক্রমিক	শব্দ সংক্ষেপ	পূর্ণ রূপ
০১.	মানিঅ	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
০২.	বিজিবি	বর্ডার গার্ড বাংলাদেশ
০৩.	ডিএনসি	ডিপার্টমেন্ট অব নারকটিক্স কন্ট্রোল
০৪.	র্যাব	র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন